# হামদর্দ বুলেটিন

এপ্রিল ২০২৬




হেলথকেয়ার এশিয়া অ্যাওয়ার্ড গ্রহণ করেছেন অধ্যাপক কামরুন নাহার হারুন








## সামাজিক দায়বদ্ধতা ও সেবায় নতুন মাত্রা






হামদর্দ

**হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্‌ফ) বাংলাদেশ-এর ইনহাউজ প্রচারপত্র**

হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্‌ফ) বাংলাদেশ-এর পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের তত্ত্বাবধানে মুদ্রিত ও প্রকাশিত

# হামদর্দ হেল্‌থ কেয়ার সেন্টার এখন




**রূপায়ন ট্রেড সেন্টার**
**লেভেল-১২**

রোগী দেখার জন্য
**কোন টাকা**
**নেওয়া হয় না**

**অভিজ্ঞ চিকিৎসক**
অত্যন্ত যত্ন সহকারে রোগী দেখেন

সকাল ০৯:০০ টা থেকে সন্ধ্যা ০৭:০০ টা

শুক্রবার ছাড়া প্রতিদিনই
"হামদর্দ হেল্‌থ কেয়ার সেন্টার" খোলা থাকে

চিকিৎসক
০১৭৮৭৬৮৭৭৪০

২৪/৭

**অনলাইন চিকিৎসা সেবা ও বিক্রয়**

০১৩১৩৭৮১০৮০, ০১৭৬৬৬৬৮৬৭৪

**উপদেষ্টা**
**ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া**
চিফ মোতাওয়াল্লী ও ব্যবস্থাপনা পরিচালক, হামদর্দ

**পরিকল্পনা ও নির্দেশনা**
**অধ্যাপক কামরুন নাহার হারুন**
সিনিয়র পরিচালক মার্কেটিং অ্যান্ড সেলস্ এবং পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, হামদর্দ

**সহযোগিতায়**
পরিচালক মন্ডলী, হামদর্দ

**গ্রন্থনায়**
এ ই এম বোরহান উদ্দিন
সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, হামদর্দ।

**সহকারী**
সাবরিনা শারমিন, আশরাফ মাহমুদ, সাজিদা সুলতানা ও নাবিলাহ্ তাবাস্সুম।

**গ্রাফিক্স**
মো. মফিদুল হক

হামদর্দ

হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্ফ) বাংলাদেশ-এর পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের তত্ত্বাবধানে মুদ্রিত ও প্রকাশিত।
হেড অফিস: রূপায়ন ট্রেড সেন্টার, লেভেল: ১২-১৩
১১৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামোটর, ঢাকা-১০০০
ফোনঃ (০২) ৪১০৩৩২৩১-৬, মোবাইলঃ ০১৮১৯-৮৪৯৭৭৫
ইমেইল: planning@hamdard.com.bd
ওয়েব: www.hamdard.com.bd

# হামদর্দ বুলেটিন

এপ্রিল ২০২৬

“কাজ কাউকে খালি হাতে ফেরায় না”



আধুনিক হামদর্দ বাংলাদেশ–এর রূপকার

**ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া**
চিফ মোতাওয়াল্লী ও ব্যবস্থাপনা পরিচালক
হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্ফ) বাংলাদেশ



**অধ্যাপক কামরুন নাহার হারুন**
সিনিয়র পরিচালক মার্কেটিং অ্যান্ড সেলস্
এবং পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, হামদর্দ

# হামদর্দ বাংলাদেশের ইউনিক প্রোডাক্ট ‘আমরূপালি’ ফ্রুট সিরাপ

## আসল আমের পাল্প হতে তৈরি ‘আমরূপালি’ শরবত নিয়ে নতুন দিগন্তের হাতছানি..

বাংলাদেশে প্রথম আসল আমের পাল্প হতে ফ্রুট সিরাপ তৈরী করছি আমরা। এ অঞ্চলে বিপুল জনপ্রিয় আমরূপালি আমের নামকরণে আমরা এটি উৎপাদন ও বাজারজাত শুরু করেছি। আল্লাহর প্রতি অসীম কৃতজ্ঞতা, আমাদের ঐকান্তিক ইচ্ছা ও প্রচেষ্টায় আমরা এর প্রথম স্বাদ গ্রহণের সুযোগ দিয়েছি নিপীড়িত ফিলিস্তিনের ছোট্ট সোনামনিদের। আমাদের প্রেরণার বাতিঘর ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়ার অদম্য ইচ্ছা ও সাহসিকতায় আমরা এর আগেও খাদ্য, পানীয় দিয়ে মজলুম ফিলিস্তিনবাসীর পাশে দাঁড়ানোর সুযোগ পেয়েছি। এটা হামদর্দ এর মানবিক দর্শন ও কল্যাণমূলক কাজের ধারাবাহিকতা।

নভেম্বর ২০২৫-এ সফ্‌ট লঞ্চিং এর মাধ্যমে ‘ আমরূপালি’ ফ্রুট সিরাপ সীমিত পরিসরে বাজারে দেয়া হলে আক্ষরিক অর্থে ‘হটকেক’ এর মতোই চাহিদা তৈরি হয়েছে। হামদর্দ আধুনিক কারখানায়, সম্পূর্ণ কোয়ালিটি বজায় রেখে আসল আমের পাল্প থেকে এটি তৈরি করা হচ্ছে। সারা বছরব্যাপি বোতলজাত আমরূপালির কল্যাণে আসল আমের সহজলভ্যতার এটি একটি মাইলফলক উদ্যোগ।

৭ জানুয়ারী ২০২৬ পর্যটন নগরী কক্সবাজারে হামদর্দ বাংলাদেশ-এর অ্যানুয়াল বিজনেস কনফারেন্স-এ এটি আনুষ্ঠানিক লঞ্চিং করা হয়েছে। আমরা এর দাম হাতের নাগালে রাখার সর্বোচ্চ চেষ্টা করেছি। অতিথি আপ্যায়ন, পার্টি, রিসেপশন সর্বোপরি উৎসব-আনন্দে এখন থেকে আমরূপালি দেশে বিদেশে স্থান দখল করতে পারবে- ইতোমধ্যে আমরা এ বিশ্বাস অর্জন করেছি। এ বছর রমজান মাসে বিশেষ চাহিদার পাশাপাশি এটি অল্প সময়ে দেশ-বিদেশে ছড়িয়ে পড়েছে। এর অনন্য স্বীকৃতি হিসেবে “হেলথকেয়ার এশিয়া অ্যাওয়ার্ড-২০২৬” এর মতো প্রেস্ট্রিজিয়াস পদক অর্জন করা সম্ভব হয়েছে। শতাব্দী জয় করা অপ্রতিদ্বন্দ্বী হামদর্দ রূহ্ আফজার পাশাপাশি নতুন শতাব্দীর শরবত হিসেবে আমরূপালি স্থান পাবে আপনার পছন্দের শীর্ষে।




# হেলথকেয়ার এশিয়া অ্যাওয়ার্ড গ্রহণ করেছেন অধ্যাপক কামরুন নাহার হারুন

স্বাস্থ্য খাতে অনন্য অবদান এবং সাম্প্রতিক সময়ে আমরূপালি ফ্রুট সিরাপসহ বেশ কয়েকটি  নতুন পণ্য বাজারজাতকরণের মাধ্যমে অনন্য নজির স্থাপন এবং এশিয়া, ইউরোপ ও আফ্রিকার বিভিন্ন দেশে ন্যাচারাল মেডিসিন ও পণ্য রপ্তানীর নতুন দিগন্ত সূচনা করার বিরল কৃতিত্বের স্বীকৃতি হিসেবে হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্ফ) বাংলাদেশ এর সিনিয়র পরিচালক মার্কেটিং অ্যান্ড সেলস এবং পরিকল্পনা ও উন্নয়ন অধ্যাপক কামরুন নাহান হারুন Most Differentiated Service of the Year ক্যাটাগরিতে "হেলথকেয়ার এশিয়া অ্যাওয়ার্ড ২০২৬" গ্রহণ করেছেন। সিঙ্গাপুরের মেরিণা বে কনভেনশন সেন্টারে দেশি-বিদেশী ডেলিগেটদের উপস্থিতিতে ২৬ মার্চ ২০২৬ ইং তারিখে এক আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে এ পদক প্রদান করা হয়।  প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক ও চিফ মোতাওয়াল্লী ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া এ সময় উপস্থিত ছিলেন।

এ পদক অর্জন করায় ইতোমধ্যে বিভিন্ন ব্যক্তি ও সংগঠনের পক্ষ থেকে অভিনন্দন জানানো হয়। হামদর্দ এ ধারাবাহিকতা বজায় রেখে অনন্য উচ্চতায় আসীন হবে প্রত্যাশা সকলের। অধ্যাপক




কামরুন নাহার হারুন বলেন, এটি আমার সহকর্মীদের সম্মিলিত প্রচেষ্টা ও টিম ওয়ার্ক এর ফল। আমি শুধু পটেনশিয়ালটা বের করে আনার প্রেরণা যুগিয়েছি। মাননীয় এমডি স্যার তাঁর সারাজীবন এ প্রতিষ্ঠানের কল্যাণে উৎসর্গ করেছেন- এ থেকে আমাদের প্রেরণা ও শেখার অনেক কিছু আছে।














## “আমরূপালি” এখন বোতলে বারোমাস জুড়ে

হামদর্দ বাংলাদেশের কালজয়ী পানীয় রুহ আফজার পর এবার ফ্রুট সিরাপ আমরূপালি নিয়ে এসেছে বাজারে। সম্প্রতি এর সফট লঞ্চিং এর মধ্য দিয়ে দেশব্যাপি নিজস্ব আউটলেটে পাওয়া যাচ্ছে। ক্রমেই ছড়িয়ে যাচ্ছে সারাদেশের হাট-বাজার-শপিংমল সর্বত্র।

এক গ্লাস পানিতে ২/৩ টেবিল চামচ আমরূপালি শরবত মিশিয়ে সহজেই পরিবেশন করা যাবে এটি। বাড়তি কোন কিছুই মেশানোর প্রয়োজন নেই। নরমাল পানিতে বা বরফ কুচি দিয়ে কিংবা ঠান্ডা পানিতে মিশিয়ে এটি পরিবেশন করতে পারেন।

সারাদেশব্যাপি হামদর্দের রয়েছে অগণিত ভক্ত শুভানুধ্যায়ী। আমরূপালি ফ্রুট সিরাপের খবর ছড়িয়ে পড়ার পর বাজারে আসার আগ থেকেই বিভিন্ন আউটলেটে খোঁজ নেয়া শুরু হয়। এখন সংগ্রহ করে এবং পান করে মানুষ দারুণ উচ্ছ্বাস ও প্রশান্তির প্রতিক্রিয়া ব্যক্ত করছেন। আসল আমের পাল্প থেকে তৈরি আমরূপালি ছোট-বড় সবার কাছে সমান জনপ্রিয়। এতে ক্ষতিকর কোন উপাদান না থাকায় এবং সরাসরি বাগান থেকে সংগ্রহকৃত আমের পাল্প দিয়ে তৈরি হওয়ায় হামদর্দ ও এর কর্তৃপক্ষকে সাধুবাদ জানান সংশ্লিষ্টরা।


হামদর্দ
আমরুপালি
ফ্রুট সিরাপ
Real magic in every drop
১০০% ন্যাচারাল
Amrupali
Fruit Syrup
Hamdard Laboratories (Waqf) Bangladesh


লিডারস কনফারেন্স






# হামদর্দের নতুন ৪ পণ্যের লঞ্চিং অনুষ্ঠিত

কক্সবাজারে হামদর্দের বার্ষিক বিজনেস কনফারেন্সে বহুল আলোচিত আমরুপালি ফ্রুট সিরাপ এবং আরো ৩টি পণ্য; মেলোরা মুলতানি মিল্ক বাথিং বার, ভিলিগো ট্যাবলেট এবং এলোফ্রেশ জেল এর লঞ্চিং অনুষ্ঠিত হয়।

মোড়ক উন্মোচন করেন হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্‌ফ) বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক ও চিফ মোতাওয়াল্লী ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া এবং সিনিয়র পরিচালক মার্কেটিং অ্যান্ড সেলস্ এবং পরিকল্পনা ও উন্নয়ন অধ্যাপক কামরুন নাহার হারুন । এসময় অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন ।












# আমরূপালি ও মিথ

আম প্রেমীদের কাছে 'আমরূপালি' নামটা শুধু জনপ্রিয় নয়–এটি মানের প্রতীক।

স্বাদ, গন্ধ, রঙ–সব দিক থেকেই আমরূপালি জাতের আমকে বলা হয় আমের রাজকন্যা। কিন্তু এই নামের পেছনের গল্পটি আরও মনকাড়া।

প্রাচীন বৈশালীর ইতিহাসে "আমরূপালি" ছিলেন এক অনিন্দ্যসুন্দর, শিল্পীসত্ত্বায় ভরপুর ও প্রখর বুদ্ধিমতী নারী। নৃত্য, সংগীত থেকে শুরু করে সৌন্দর্য–প্রতিটি ক্ষেত্রেই তার সুনাম ছড়িয়ে পড়েছিল দেশ-বিদেশে। তার সান্নিধ্যে আসা ছিল এক বিশেষ সৌভাগ্য–রাজা-মহারাজারা পর্যন্ত তার সামান্য সঙ্গের জন্য ব্যাকুল হয়ে থাকতেন।

সৌন্দর্য ও প্রজ্ঞার অনন্য সমন্বয়ে তিনি ছিলেন সত্যিকারের Beauty with Brains।

আমরুপালির প্রাচুর্যময় সম্পদের মধ্যে ছিল এক বিশাল আমবাগান–পৈতৃক সূত্রে পাওয়া। কিংবদন্তিতে বলা হয়, সেই বাগানের এক আমগাছের নিচেই তার জন্ম। জন্ম থেকেই আম এবং আমরুপালি–দুটি নাম যেন একই সুতোয় বাঁধা।

ঠিক এই কারণেই, ১৯৭০-এর দশকে বৈজ্ঞানিকরা বৈশালীতেই যখন এক নতুন সংকর জাতের আম উদ্ভাবন করেন–যার স্বাদ, গন্ধ ও গুণ ছিল অতুলনীয়–তখন সেই নতুন জাতের নামকরণ করা হয় সেই কিংবদন্তী নারীর নামে: আমরূপালি।

আজও অপ্সরা আমরূপালির মতোই

আমরূপালি আম তার স্বাদ, রঙ ও সুবাসে জয় করে নেয় মানুষের মন– হয়ে ওঠে সকল আমপ্রেমীর আরাধ্য।


হামদর্দ
বাংলাদেশ
বারবার
খেলেও
ঘোর কাটে না
1st
TIME IN
BANGLADESH
আসল আমের পাল্প থেকে তৈরি
হামদর্দ
আমরূপালি
ফ্রুট সিরাপ
Real
magic
in
every drop
Amrupali
Fruit Syrup
৭৫০ মিলি ও
৩০০ মিলি বোতলে
বাজারে পাওয়া যাচ্ছে
প্রস্তুত প্রণালি
১ গ্লাস পানিতে ২ টেবিল চামচ আমরূপালি
মিশিয়ে সুস্বাদু শরবত তৈরি করুন
/hamdardbd
www.hamdard.com.bd
100%
ন্যাচারাল
BSTI


BANGLA
VISION
মজাদার
ইফতার

দৈনিক জনকণ্ঠ
প্রতিষ্ঠাতা মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ
The Daily Janakantha
মঙ্গলবার, ২ ডিসেম্বর, ২০২৫

# রাজকীয় আবহে পলাশ-পারসা

**সংস্কৃতি প্রতিবেদক** ॥ উচ্চতর অভিনয় শিক্ষার জন্য যুক্তরাষ্ট্রে যাওয়ার ফলে মাঝে খানিক ভাটা পড়েছে পারসা ইভানার অভিনয় গতিতে। অবশ্যই তার আগেই জিয়াউল হক পলাশের সঙ্গে জুটি হিসেবে দাগ কেটে গেছেন দর্শক হৃদয়ে।

'ব্যাচেলর পয়েন্ট' ছাড়াও এ জুটি প্রশংসা তুলে নিয়েছেন 'গুডবাজ', 'ব্যাডবাজ', 'বিদেশ', 'কিডনি'সহ বেশকিছু জনপ্রিয় নাটকের দৌলতে।

প্রায় ৮ মাস বিরতি শেষে পারসা ফের ফিরেছেন দেশে ও ক্যামেরায়। সঙ্গে যথারীতি পলাশ। তবে নাটকে নয়, এবার তাদের দেখা যাবে একটি বিজ্ঞাপনচিত্রে। একটি পানীয়র বিজ্ঞাপনে হাজির হচ্ছে এ জুটি। বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন করপোরেশনের (বিএফডিসি) ৯ নম্বর ফ্লোরে সেট ফেলে এর দৃশ্য ধারণ করা হয়েছে সম্প্রতি। আম্রপালির ইতিহাসনির্ভর গল্পকে ভিত্তি করে বিজ্ঞাপনটি নির্মাণ করেছেন রাকেশ বসু। প্রেম, রাজনীতি ও রাজসভাকেন্দ্রিক পুরনো সময়কে আধুনিক বিজ্ঞাপনে রূপ দিয়েছেন তিনি। যেখানে পলাশ-পারসা হাজির হচ্ছেন রাজকীয় আবহে। কাজটি প্রসঙ্গে পারসা ইভানা বলেন, এই বিজ্ঞাপন আমার কাছে অন্যরকম অভিজ্ঞতা। চরিত্র, সাজসজ্জা সবকিছুই নতুন। রাজকীয় আমেজে শুটিং করেছি। আশা করছি, বিজ্ঞাপনটি দর্শকের



পছন্দ হবে। রাকেশ বসু জানান, চলতি মাসেই বিজ্ঞাপনচিত্রটি বিভিন্ন বেসরকারি টিভি চ্যানেল ও অনলাইন প্ল্যাটফর্মে প্রচারে আসবে। পলাশ ও পারসাকে সর্বশেষ দেখা গেছে 'শেষমেশ' নাটকে। এটি পরিচালনা করেছেন কাজল আরেফিন অমি।

# নতুন বিজ্ঞাপনে পারসা-পলাশ

আনন্দ সময় প্রতিবেদক

বিরতির পর বিজ্ঞাপন দিয়ে কাজে ফিরলেন আলোচিত অভিনেত্রী পারসা ইভানা। আর এই বিজ্ঞাপনে তার বিপরীতে দেখা যাবে আরেক জনপ্রিয় অভিনেতা জিয়াউল হক পলাশকে। এই জুটির বিজ্ঞাপনটি একটি পানীয়র। সম্প্রতি বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন করপোরেশনে (বিএফডিসি) এর শুটিং সম্পন্ন হয়েছে। আম্রপালির ইতিহাসনির্ভর গল্পকে ভিত্তি করে বিজ্ঞাপনটি নির্মাণ করেছেন রাকেশ বসু। প্রেম, রাজনীতি ও রাজসভাকেন্দ্রিক পুরোনো সময়কে আধুনিক বিজ্ঞাপনে রূপ দিয়েছেন তিনি। যেখানে পারসা-পলাশ হাজির হচ্ছেন রাজকীয় আবহে।

এ প্রসঙ্গে পারসা ইভানা বলেন, 'এই বিজ্ঞাপন আমার কাছে অন্যরকম অভিজ্ঞতা। চরিত্র, সাজসজ্জা সবকিছুই নতুন। রাজকীয় আমেজে শুটিং করেছি। আশা করছি বিজ্ঞাপনটি দর্শকের পছন্দ হবে।'

রাকেশ বসু জানান, চলতি মাসেই বিজ্ঞাপনচিত্রটি বিভিন্ন বেসরকারি টিভি চ্যানেল ও অনলাইন প্ল্যাটফর্মে প্রচারে আসবে।

উচ্চতর অভিনয় শিক্ষার জন্য যুক্তরাষ্ট্রে যাওয়ার ফলে মাঝে অভিনয়ে অনিয়মিত ছিলেন পারসা। সেখানে ভর্তি হন জনপ্রিয় অভিনয় বিদ্যালয় 'দ্য ফ্রিম্যান স্টুডিও'-তে একটি শর্ট কোর্সে।

পাশাপাশি নাচের প্রতি ঝোঁক থেকেই ব্রডওয়ের খ্যাতনামা প্রতিষ্ঠান 'স্টেপস অন ব্রডওয়ে'তে সম্পন্ন করেন একটি নাচের কোর্স। ফিরে আসার পর কাজে নিয়মিত হচ্ছেন তিনি। জনপ্রিয় সিরিজ ব্যাচেলর পয়েন্টে তার অনুপস্থিতি নিয়ে ভক্তদের কৌতূহল রয়েছে।

এ বিষয়ে ইভানা বলেন, 'চতুর্থ সিজনে আমার চরিত্র যেমনভাবে শেষ হয়েছিল, পরিচালক চাইলে সেখান থেকে ফেরানো সম্ভব। এখনও এ নিয়ে বিস্তারিত কথা হয়নি। তবে আমাকে না দেখালেও চরিত্রটির উল্লেখ, ছবি এসব থাকছে। এটাও ভালো লাগার।'

আর পলাশ নিয়মিতভাবে কাজ করে যাচ্ছেন। পলাশ ও পারসাকে সবশেষ দেখা গেছে 'শেষমেশ' নাটকে। এটি পরিচালনা করেছেন কাজল আরেফিন অমি।








# আন্তর্জাতিক কৃষি প্রযুক্তি মেলায় হামদর্দের ফ্রুট সিরাপ 'আমরূপালি'র জয়জয়কার

ঢাকাস্থ আন্তর্জাতিক কনভেনশন সিটি বসুন্ধরা, কুড়িল এ ২০-২২ নভেম্বর ২০২৫ ৩ (তিন) দিন ব্যাপি ১৩তম আন্তর্জাতিক কৃষি প্রযুক্তি মেলায় হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্‌ফ) বাংলাদেশের নতুন পণ্য ''আমরূপালি'' ফ্রুট সিরাপের সফট লঞ্চিং করা হয়।

এরপর দর্শনার্থীদের মাঝে পরিবেশন করা হয় এটি। হামদর্দের আপ্যায়নে মুগ্ধ হয়ে অনেকেই ফ্রুট সিরাপ 'আমরূপালি'র ভূয়সী প্রশংসা করেন। গত ৫৪ বছর ধরে নিরন্তর শ্রম ও ঘাম দিয়ে





হামদর্দ বাংলাদেশকে মানুষের কাছে বিশ্বস্ত হিসেবে প্রতিষ্ঠিত করেছেন বাতিঘর ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া। সেই ধারাবাহিকতায় বাজারে এসেছে সম্পূর্ণ প্রাকৃতিক উপায়ে প্রস্তুত সিরাপ ''আমরূপালি''। ব্রেনচাইল্ড হিসেবে এটি উদ্ভাবন করেছেন সিনিয়র পরিচালক বিপণন, পরিকল্পনা ও উন্নয়ন অধ্যাপক কামরুন নাহার হারুন ।




বাণিজ্য মন্ত্রণালয় এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অনুমোদিত আন্তর্জাতিক এ মেলায় আধুনিক কৃষি প্রযুক্তির সকল উদ্ভাবনী বিষয়াদি অন্তর্ভূক্ত রয়েছে ।






মেলায় সর্বমোট ১৪টি দেশ ভারত, চীন, মালেশিয়া, থাইল্যান্ড, আমেরিকা, কানাডা, ব্রাজিল, সুইজারল্যান্ড, ইতালি, তুর্কি, জার্মানি, ফ্রান্স, স্পেইন ও বাংলাদেশ এর প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করছে। দেশ-বিদেশের দর্শনার্থীদের নজর কাড়ে হামদর্দ এর নতুন পণ্য শরবত আমরূপালি।



## আমরুপালির সৌজন্যে আন্তর্জাতিক গেম শো "ফ্যামিলি ফিউড বাংলাদেশ: সিজন-২"




বাংলাদেশের প্রথম তাজা আমের ফ্রুট সিরাপ আমরুপালি এর বেভারেজ পার্টনারশিপে নির্মিত এই প্রতিযোগিতামূলক বিনোদন অনুষ্ঠানটি ৬ মাসব্যাপি প্রতি সোমবার রাত ৯টা ৩০ মিনিটে একযোগে এনটিভি ও বঙ্গো প্ল্যাটফর্মে সম্প্রচারিত হবে।

আমরুপালির সাথে উপভোগ করুন "ফ্যামিলি ফিউড বাংলাদেশ: সিজন ২"।



## শরবত রুহ্ আফজা'র ফ্যামিলি প্যাক লঞ্চিং

জনপ্রিয় শরবত, রুহ্ আফজা'র ৫ ও ৩ লিটারের দুটি ফ্যামিলি প্যাক লঞ্চিং হয়েছে। ৯ ই নভেম্বর ২০২৫, সকালে রাজধানীর বাংলামোটরে হামদর্দের প্রধান কার্যালয়ে পণ্য দুটি'র মোড়ক উন্মোচন করা হয়।

এ সময় হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্ফ) বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক ও চিফ মোতাওয়াল্লী ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া বলেন, নতুন নতুন উদ্ভাবনের মাধ্যমে দুর্বার গতিতে এগিয়ে যাচ্ছে হামদর্দ। এর মাধ্যমে দেশের সব মানুষের কাছে প্রতিষ্ঠানের সেবা পৌঁছে দেয়াই আমাদের মূল লক্ষ্য।

হামদর্দের সিনিয়র পরিচালক বিপণন, পরিকল্পনা ও উন্নয়ন অধ্যাপক কামরুন নাহার হারুন বলেন, সময়ের চাহিদার আলোকেই শরবত রুহ্ আফজা'র ৫ ও ৩ লিটারের দুটি ফ্যামিলি প্যাক বাজারজাত করা হয়েছে। এর ফলে গ্রাহকরা বিশেষভাবে উপকৃত হবেন।

লঞ্চিং অনুষ্ঠানে হামদর্দের পরিচালকবৃন্দসহ উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন ।





হামদর্দ
সেপ্টেম্বর
পিসিওএস
সেবা মাস
২০২৫

# পিসিওএস সেবা মাস উপলক্ষে হামদর্দ বাংলাদেশ এর সচেতনতামূলক কার্যক্রম

বিশ্বব্যাপী মেয়েদের হরমোনজনিত সমস্যা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য প্রতিবছর সেপ্টেম্বর মাস পিসিওএস (পলিসিস্টিক ওভারিয়ান সিনড্রোম) সেবা মাস হিসেবে পরিচালিত হয়। দেশের শীর্ষ ইউনানী-আয়ুর্বেদিক ও হার্বাল মেডিসিন উৎপাদনকারী এবং চিকিৎসা-শিক্ষা প্রতিষ্ঠান হামদর্দ এ উপলক্ষে সপ্তাহব্যাপি পিসিওএস সচেতনতা, সেবা ও প্রচারণা পরিচালনা করে।

হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্ফ) বাংলাদেশ এর প্রতিষ্ঠাতা ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া ও সিনিয়র পরিচালক মার্কেটিং এবং পরিকল্পনা ও উন্নয়ন অধ্যাপক কামরুন নাহার হারুন এ কার্যক্রমের সূচনা করেন। অনুষ্ঠানে হামদর্দ এর পরিচালক বৃন্দ ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

হামদর্দ কর্তৃক পরিচালিত পিসিওএস সচেতনতা কার্যক্রমের আওতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, সুপার মার্কেট, পার্ক ও জনসমাগম স্থলে এ কার্যক্রম পরিচালনা করা হয়। হামদর্দ এর প্রচার গাড়ি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রীদের এ বিষয়ে তথ্যবহুল লিফলেট বিতরণ ও প্রশ্নোত্তর পর্ব আয়োজন করে। প্রচার টিমে অভিজ্ঞ হাকীম ও সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।












পলিসিস্টিক ওভারিয়ান সিন্ড্রোম (PCOS)
সচেতনতা ক্যাম্পেইন


ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া - প্রতিষ্ঠাতা, হামদর্দ পাবলিক কলেজ
হামদর্দ পাবলিক কলেজের গভর্নিং বডির সম্মানিত সভাপতি অধ্যাপক কামরুন নাহার হারুন-এর
সংবর্ধনা অনুষ্ঠান
your life
পলিসিস্টিক ওভারিয়ান সিনড্রোম (PCOS)




WHAT WILL YOU ACHIEVE TODAY???
NEVER STOP BELIEVING. NEVER GIVE UP. YOUR DAY WILL COME.
EVERYDAY if you LISTEN
হামদর্দ পাবলিক কলেজের


(PCOS)
পলিসিস্টিক ওভারিয়ান সিনড্রোম


PCOS






# পিসিওএস সচেতনতা ক্যাম্পেইন টিম লক্ষ্মীপুরে

পিসিওএস সচেতনতা তৈরিতে লক্ষ্মীপুর সদর উপজেলার রওশন জাহান ইস্টার্ণ মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং আয়েশা (রা.) মহিলা কামিল মাদরাসায় শিক্ষক শিক্ষার্থীদের অংশগ্রহণে মতবিনিময়, আলোচনা ও লিফলেট-স্যুভিনির বিতরণ কর্মসূচী পালিত হয়। অনুষ্ঠানের শেষ পর্বে শিক্ষার্থীদের নিয়ে বিভিন্ন খেলা, উপস্থিত বুদ্ধি ও সাধারণ জ্ঞানের কুইজ প্রতিযোগিতা ও পুরস্কার প্রদান করা হয়।

ক্যাম্পেইন টিমের অভিজ্ঞ চিকিৎসকগণ শিক্ষার্থীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। জীবন ঘনিষ্ট বিষয়ে পরিবারের সদস্যদের পাশে থাকার ক্ষেত্রে এ কর্মসূচি অনেক সহায়ক হয়েছে মনে করেন শিক্ষক ও শিক্ষার্থীরা।

সেপ্টেম্বর
পিসিওএস
সেবা মাস
২০২৫

সৌজন্যে...

Formulated with
European Grade
Active Ingredient
Research Source From Spain

## পিসিওএস এবং হারসুটিজম এর চিকিৎসায় কার্যকরী




ক্যাপসুল ১২

### নির্দেশনা

- পলিসিস্টিক ওভারি সিনড্রোম (পিসিওএস)
- ডিম্বনিঃসরণ না হওয়া বা অ্যানোভুলেশন
- ওভারিয়ান হাইপারথেকোসিস
- ঋতুবদ্ধতা
- হাইপারঅ্যান্ড্রোজেনিজম জনিত বিভিন্ন সমস্যা যেমন- মুখে অস্বাভাবিক লোমের আধিক্য, মাথায় টাক পড়া, ত্বকের বিভিন্ন অংশে যেমন- ঘাড়, কপাল ও অন্যান্য স্থানে বাদামী থেকে কালো দাগ হওয়া এবং ব্রণ

### সেবনবিধি

১-২ ক্যাপসুল দৈনিক অথবা রেজিষ্টার্ড চিকিৎসকের পরামর্শমত সেব্য। ন্যূনতম ২ মাস সেবন করতে হবে।

★ হারসুটিজম : মহিলাদের মুখ, বুক ও পিঠে পুরুষদের মত চুল উঠতে শুরু করে

হামদর্দ
বিশ্বস্ত নাম, পরীক্ষিত পণ্য

**হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্‌ফ) বাংলাদেশ**
১৯০৬ সাল হতে মানব সেবায় নিবেদিত অনন্য প্রতিষ্ঠান


হেড অফিস: রূপায়ন ট্রেড সেন্টার, লেভেল: ১২-১৩, ১১৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামটর, ঢাকা-১০০০
(০২) ৪১০৩৩২৩১-৬
marketing@hamdard.com.bd
www.hamdard.com.bd
hamdardbd, hamdardtvbd
hamdardbd, hamdardtv1272


OVALTSEP25




# সেন্ট জোসেফ স্কুলের ম্যাথ ফেস্ট ২০২৫ এ হামদর্দ-এর অংশগ্রহণ



রাজধানীর মোহাম্মদপুরে অবস্থিত সেন্ট জোসেফ স্কুলের ম্যাথ ফেস্ট ২০২৫ এ অংশগ্রহণকারী হিসেবে বিপুল প্রশংসিত হওয়ায় হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্ফ) বাংলাদেশকে সম্মাননা ক্রেস্ট প্রদান করেছে আয়োজক কর্তৃপক্ষ।

পরে এটি হামদর্দের ব্যবস্থাপনা পরিচালক ও চিফ মোতাওয়াল্লী ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া এবং সিনিয়র পরিচালক মার্কেটিং অ্যান্ড সেলস্ এবং পরিকল্পনা ও উন্নয়ন অধ্যাপক কামরুন নাহার হারুনের কাছে হস্তান্তর করা হয়।



দুই দিনব্যাপী এ গণিত উৎসবে হামদর্দের ফ্রি ব্যবস্থাপত্র প্রদান, পণ্যের প্রদর্শনী এবং ডিসকাউন্টে পণ্য বিক্রি দর্শনার্থীদের মধ্যে ব্যাপক সাড়া তৈরি করে।



# ওষুধি উদ্ভিদ নিয়ে কনটেন্ট তৈরি করে দেশ-বিদেশে বিপুল জনপ্রিয় উম্মে কুলসুম পপি হামদর্দ হার্বস গার্ডেন দেখে অভিভূত





ওষুধি উদ্ভিদ, গাছপালা, কৃষি ও ন্যাচারাল বিষয়ে তথ্যনির্ভর ও সহজ সাবলীল ভাষায় কননেন্ট তৈরি করে দেশ-বিদেশে বিপুল জনপ্রিয় উম্মে কুলসুম পপি। কয়েক মিলিয়ন ফলোয়ার তার। প্রতিটি কনটেন্ট লাখ থেকে মিলিয়ন দর্শকের নজর কাড়ে দিন না পেরুতেই। এজন্য তার দক্ষতা, আন্তরিকতা ও সর্বোপরি নিজস্বতা এগিয়ে যাবার কারণ মনে করেন সংশ্লিষ্টরা। দুর্লভ গাছের খোঁজে যিনি দেশের প্রত্যন্ত অঞ্চল ঘুরে বেড়ান- তিনি একই আঙিনায় শত শত বিরল প্রজাতির ওষুধি গাছপালা দেখে অভিভূত। সম্প্রতি তিনি তার টিম নিয়ে হামদর্দ আধুনিক কারখানা, মেঘনা, সোনারগাঁও, নারায়নগঞ্জ-এ আসেন। তিনি বারবার হামদর্দে আসতে চান এবং শতবর্ষী এ প্রতিষ্ঠানের সাথে প্রত্যক্ষ-পরোক্ষভাবে কাজ করতে আগ্রহ প্রকাশ করেন।




# বগুড়ায় হামদর্দের রিজিওনাল সেলস্ কনফারেন্স অনুষ্ঠিত

"আন্তরিকতা নিয়ে হামদর্দের স্বাস্থ্য সেবাকে সর্বস্তরের জনগণের কাছে পৌঁছে দিতে হবে।" ১৮ ই আগস্ট ২০২৫, সোমবার হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্ফ) বাংলাদেশের রিজিওনাল সেলস্ কনফারেন্সে এই আহ্বান জানান স্বাস্থ্য ও শিক্ষাসেবার বাতিঘর, প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক ও চিফ মোতাওয়াল্লী ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া । বগুড়ার স্থানীয় একটি মিলনায়তনে অনুষ্ঠিত হয় এ কনফারেন্স।

সিনিয়র পরিচালক মার্কেটিং এ্যান্ড সেলস্ এবং পরিকল্পনা ও উন্নয়ন অধ্যাপক হাকীম কামরুন নাহার হারুনের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্যে ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া আরও বলেন, মানুষের হৃদয় জয় করার একমাত্র মাধ্যম হলো সেবা। গত ৫৪ বছরে হামদর্দ নিরন্তরভাবে সেবা প্রদানের মাধ্যমে গণমানুষের কাছে আস্থার প্রতিকে পরিণত হয়েছে। এখন সেই আস্থা ধরে রেখে হামদর্দের গুণগতমানের পণ্যকে সর্বত্র ছড়িয়ে দিতে হবে। এ সময় তিনি সবাইকে সততা, নিষ্ঠা ও আন্তরিকতা নিয়ে কাজ করার আহ্বান জানান।

সিনিয়র পরিচালক মার্কেটিং এ্যান্ড সেলস্ এবং পরিকল্পনা ও উন্নয়ন অধ্যাপক হাকীম কামরুন নাহার হারুন বলেন, সব মানুষের দুয়ারে দুয়ারে হামদর্দের স্বাস্থ্য সেবা পৌঁছে দেওয়া গেলে, এ দেশের মানুষের স্বাস্থ্য সেবা প্রাপ্তির অধিকার নিশ্চিত হবে। আর এ জন্য ধারাবাহিকভাবে চেষ্টা চালাতে হবে। সবার সম্মিলিত প্রচেষ্টায় আমরা মানবসেবার ক্ষেত্রে কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছতে পারবো।

অনুষ্ঠানে অনুপ্রেরণামূলক বক্তব্য উপস্থাপন করেন পরিচালক তথ্য ও গণসংযোগ আমিরুল মোমেনীন মানিক।

বক্তব্য রাখেন পরিচালক উৎপাদন বশির আহম্মদ, উপ-পরিচালক প্রশাসন ও পরিচালক লিগ্যাল প্রটোকল (অ.দা) মো. মিজানুর রহমান, উপ-পরিচালক মার্কেটিং ডা. আবুল তৈমুর চৌধুরী, উপ-পরিচালক বিজনেস ডেভেলপমেন্ট অ্যান্ড রেগুলেটরী অ্যাফেয়ার্স আবু জাফর মো. সাদেকসহ রিজিওনাল কর্মকর্তারা।





# হামদর্দে ১১ মেডিকেল অফিসারকে নিয়োগপত্র প্রদান

হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্‌ফ) বাংলাদেশ-এর আয়োজনে সদ্য নিয়োগপ্রাপ্ত ১১ মেডিকেল অফিসারদের প্রশিক্ষণ শেষে নিয়োগপত্র প্রদান অনুষ্ঠান ২৫ সেপ্টেম্বর ২০২৫; বৃহস্পতিবার, রাজধানীর বাংলামোটরে হামদর্দ প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে নিয়োগপ্রাপ্তদের হাতে নিয়োগপত্র তুলে দেন হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্‌ফ) বাংলাদেশের সিনিয়র পরিচালক সেলস্‌ অ্যান্ড মার্কেটিং এবং পরিকল্পনা ও উন্নয়ন অধ্যাপক কামরুন নাহার হারুন। এ সময় তিনি দেশের বিভিন্ন অঞ্চলে নিয়োগপ্রাপ্ত নতুন মেডিকেল অফিসারদের উদ্দেশ্যে বলেন, স্বাস্থ্যসেবা প্রদানের মাধ্যমে জনগণের আস্থা অর্জনই আমাদের মূল লক্ষ্য। আপনাদের সৎ উদ্দেশ্য, পেশাদারিত্ব ও নিষ্ঠা হামদর্দকে আরও এগিয়ে নিয়ে যাবে।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন পরিচালক প্রশাসন ও কোম্পানি সেক্রেটারি এবং পরিচালক মানবসম্পদ উন্নয়ন (অ.দা.) মো. আবদুল মজিদ, পরিচালক ক্রয় মোহাম্মদ শরীফুল ইসলাম, উপ-পরিচালক মার্কেটিং ডা. আবুল তৈমুর চৌধুরী, উপ-ব্যবস্থাপক মানবসম্পদ উন্নয়ন আবুল কালামসহ মার্কেটিং ও মানবসম্পদ বিভাগের কর্মকর্তাবৃন্দ।



# হামদর্দে মেডিকেল প্রতিনিধিদের প্রশিক্ষণ সমাপ্তি ও নিয়োগপত্র প্রদান

হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্‌ফ) বাংলাদেশ-এর আয়োজনে সদ্য নিয়োগপ্রাপ্ত মেডিকেল প্রতিনিধিদের প্রশিক্ষণ শেষে নিয়োগপত্র প্রদান অনুষ্ঠান ২৭শে অক্টোবর ২০২৫; সোমবার, রাজধানীর বাংলামোটরে হামদর্দ প্রধান কার্যালয়ের মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে।



অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্‌ফ) বাংলাদেশের চিফ মোতাওয়াল্লী ও ব্যবস্থাপনা পরিচালক ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিনিয়র পরিচালক মার্কেটিং অ্যান্ড সেলস্‌ এবং পরিকল্পনা ও উন্নয়ন অধ্যাপক কামরুন নাহার হারুন।




পরিচালক তথ্য ও গণসংযোগ আমিরুল মোমেনীন মানিকের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন পরিচালক হামদর্দ ফাউন্ডেশন ও প্রটোকল ব্রিগেডিয়ার জেনারেল (অব.) মাহবুব আনোয়ার, হামদর্দ বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মঞ্জুরুল আলম, পরিচালক ক্রয় মোহাম্মদ শরীফুল ইসলাম, পরিচালক অর্থ ও হিসাব মো. নাজমুল করিম এফিসিএ, পরিচালক প্রশাসন ও কোম্পানি সেক্রেটারি মো. আবদুল মজিদ, ভারপ্রাপ্ত পরিচালক মানবসম্পদ উন্নয়ন ও লিগ্যাল অ্যাফেয়ার্স মিজানুর রহমান, উপ-পরিচালক মার্কেটিং ডা. আবুল তৈমুর চৌধুরী, উপ-পরিচালক বিজনেস ডেভেলপমেন্ট অ্যান্ড রেগুলারেটরী অ্যাফেয়ার্স আবু জাফর মো. ছাদেক, হামদদর্দ ফাউন্ডেশনের সহকারী পরিচালক হাকীম আবু ইউছুফ আব্দুল হকসহ অন্যান্য নেতৃবৃন্দ।



# হামদর্দ পাবলিক কলেজের এইচএসসি '২৫-এ ঈর্ষণীয় ফলাফল অর্জন

হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্ফ) বাংলাদেশ-এর আয়োজনে সদ্য নিয়োগপ্রাপ্ত মেডিকেল প্রতিনিধিদের প্রশিক্ষণ শেষে নিয়োগপত্র প্রদান অনুষ্ঠান ২৭শে অক্টোবর ২০২৫; সোমবার, রাজধানীর বাংলামোটরে হামদর্দ প্রধান কার্যালয়ের মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে।



অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্ফ) বাংলাদেশের চিফ মোতাওয়াল্লী ও ব্যবস্থাপনা পরিচালক ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিনিয়র পরিচালক মার্কেটিং অ্যান্ড সেলস্ এবং পরিকল্পনা ও উন্নয়ন অধ্যাপক কামরুন নাহার হারুন।

পরিচালক তথ্য ও গণসংযোগ আমিরুল মোমেনীন মানিকের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন পরিচালক হামদর্দ ফাউন্ডেশন ও প্রটোকল ব্রিগেডিয়ার জেনারেল (অব.) মাহবুব আনোয়ার, হামদর্দ বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মঞ্জুরুল আলম, পরিচালক ক্রয় মোহাম্মদ শরফুল ইসলাম, পরিচালক অর্থ ও হিসাব মো. নাজমুল করিম এফিসিএ, পরিচালক প্রশাসন ও কোম্পানি সেক্রেটারি মো. আবদুল মজিদ, ভারপ্রাপ্ত পরিচালক মানবসম্পদ উন্নয়ন ও লিগ্যাল অ্যাফেয়ার্স মিজানুর রহমান, উপ-পরিচালক মার্কেটিং ডা. আবুল তৈমুর চৌধুরী, উপ-পরিচালক বিজনেস ডেভলপমেন্ট অ্যান্ড রেগুলারেটরী অ্যাফেয়ার্স আবু জাফর মো. ছাদেক, হামদদর্দ ফাউন্ডেশনের সহকারী পরিচালক হাকীম আবু ইউছুফ আব্দুল হকসহ অন্যান্য নেতৃবৃন্দ।






## হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশের প্রথম সমাবর্তন ২০২৬: সাফল্যের এক গৌরবোজ্জ্বল অধ্যায়

এক বর্ণাঢ্য আয়োজন এবং উৎসবমুখর পরিবেশের মধ্য দিয়ে সম্পন্ন হলো হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশের 'প্রথম সমাবর্তন ২০২৬'। ৩১ জানুয়ারি ২০২৬, মুন্সীগঞ্জের গজারিয়ায় অবস্থিত বিশ্ববিদ্যালয়ের নান্দনিক স্থায়ী ক্যাম্পাসে এই মাহেন্দ্রক্ষণ উদযাপিত হয়। এই মাহেন্দ্রক্ষণে বিভিন্ন অনুষদ ও বিভাগের মোট ১ হাজার ৭৫৪ জন শিক্ষার্থীকে আনুষ্ঠানিকভাবে ডিগ্রি প্রদান করা হয়।




সমাবর্তন অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য চ্যান্সেলরের প্রতিনিধি হিসেবে সভাপতিত্ব করেন অন্তর্বর্তীকালীন সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা অধ্যাপক ড. এ এফ এম খালিদ হোসেন। সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত হয়ে গ্রাজুয়েটদের আগামীর পথনির্দেশনা প্রদান করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. নিয়াজ আহমেদ খান। বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানটি অলঙ্কৃত করেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) সদস্য প্রফেসর ড. মোহাম্মদ আনোয়ার হোসেন।





বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠানে অনুপ্রেরণামূলক ও দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশ-এর স্বপ্নদ্রষ্টা, প্রতিষ্ঠাতা ও প্রধান পৃষ্ঠপোষক ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া।

অনুষ্ঠানে স্বাগত ভাষণ প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. মনজারুল আলম MIEEE। এছাড়া সাফল্যের নেপথ্য কারিগর হিসেবে শুভেচ্ছা বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান জাতীয় অধ্যাপক ডা. এ. কে. আজাদ খান এবং ভাইস-চেয়ারম্যান প্রফেসর ড. চৌধুরী মাহমুদ হাসান।

অদম্য মেধা ও নিষ্ঠার স্বীকৃতি পেলেন অধ্যাপক কামরুন নাহার । হামদর্দ বিশ্ববিদ্যালয়ের এই কৃতি শিক্ষার্থী বিইউএমএস (BUMS) প্রোগ্রামে রেকর্ড নম্বর পেয়ে জয় করে নিয়েছেন সমাবর্তনের অন্যতম শ্রেষ্ঠ পদক 'ফাউন্ডার গোল্ড মেডেল'।







**বনানী কামাল আতাতুর্ক এভিনিউ ও ঢাকার অদূরে কাঁচপুরে হামদর্দ আমরূপালির দৃষ্টিনন্দন বিলবোর্ড**

# মধুর প্রয়োজনীয়তা ও সম্ভাবনা

আরবি পরিভাষায় মধুপোকা বা মৌমাছিকে 'নাহল' বলা হয়। পবিত্র কোরআনে এই নামে একটি স্বতন্ত্র সূরা বিদ্যমান আছে। সূরা নাহল এর আয়াত ৬৯-এ আল্লাহ তায়ালা এরশাদ করেন- "ইয়াখরুজু মিমবুতুনিহা শারাবুম মুখতা লিফুন আল্ওয়া নহু ফীহি শিফাউল লিন্নাসি।"

অর্থ: তার পেট থেকে বিভিন্ন রঙের পানীয় নির্গত হয়। তাতে মানুষের জন্য রয়েছে রোগের প্রতিকার। মধু হচ্ছে ওষুধ এবং খাদ্য উভয়ই।

মৌমাছির গঠন প্রণালী বিচিত্র। মৌমাছির ২টা পাকস্থলি আছে। একটা দিয়ে সে খায়। আর একটাতে সে পুস্পরস সংগ্রহ করে রাখে। ঐ পাকস্থলিতে একরকম এনজাইম থাকে। যার সাথে পুস্পরস মিশে মধু তৈরী হয়। এরপর ওয়াক্স দিয়ে, চেম্বারটা ঢেকে দেওয়া হয় যাতে সেটা সংরক্ষিত থাকে।

**মধুর পুষ্টি ও ঔষধি গুণ:**
এক কেজি মধু, ৬.৫০ লিটার দুধ অথবা ৭.৫০ কেজি পনির অথবা ১.৬৫ কেজি মাংস অথবা ৪০ টি সমান সাইজের কমলা অথবা ৫০ টি ডিমের পুষ্টিমানের সমান। এক কেজি মধু ৩২৫০ ক্যালরি শক্তি সরবরাহ করে। মধুর এ উচ্চশক্তির ক্যালরি কেবল সাধারণ সুগারের ন্যায় যা রূপান্তর ব্যতীত সরাসরি অন্ত্র থেকে রক্তে সংযোজিত হয়। মধুতে প্রায় ৪৫টি খাদ্য উপাদান থাকে। আরো থাকে ২২ শতাংশ অ্যামাইনো এসিড, ২৮ শতাংশ খনিজ লবণ এবং ১১ ভাগ এনজাইম। এতে চর্বি ও প্রোটিন নেই। মধুর মধ্যে রয়েছে ভিটামিন বি১, বি২, বি৩, বি৫, বি৬, আয়োডিন, জিংক ও কপারসহ অ্যান্টি ব্যাকটেরিয়াল ও অ্যান্টি মাইক্রোবিয়াল উপাদান যা আমাদের শুধুমাত্র দেহের বাহ্যিক দিকের জন্যই নয়, দেহের অভ্যন্তরীণ অঙ্গ প্রত্যঙ্গের সুরক্ষায় কাজ করে।

**বিশ্বব্যাপী মধু উৎপাদন ও অর্থনৈতিক গুরুত্ব:**
বিশ্বের প্রায় প্রতিটি মহাদেশেই মধু উৎপাদন হয়। ফাও (FAO)-র রিপোর্ট অনুযায়ী, প্রতি বছর বিশ্বব্যাপী প্রায় ১.৯ থেকে ২ মিলিয়ন টন মধু উৎপাদিত হয়। এর মধ্যে শীর্ষ উৎপাদক দেশগুলোর মধ্যে রয়েছে চীন, তুরস্ক, ইরান, যুক্তরাষ্ট্র, ইউক্রেন, আর্জেন্টিনা ও রাশিয়া। চীন এককভাবে প্রায় ৩ থেকে ৪ লাখ টন মধু উৎপাদন করে, যা বৈশ্বিক বাজারের উল্লেখযোগ্য অংশ জুড়ে রয়েছে। বাংলাদেশেও মধু উৎপাদন একটি গুরুত্বপূর্ণ খাত হয়ে উঠছে। বাংলাদেশে সুন্দরবনের মাওয়া ও খলিসা ফুল থেকে সংগৃহীত মধু বিখ্যাত। প্রতিবছর দেশে প্রায় ৩-৫ হাজার টন মধু উৎপাদিত হয় বলে বিভিন্ন তথ্যে জানা যায়। স্থানীয় মৌচাষ এবং প্রাকৃতিক বন-নির্ভর মধু সংগ্রহ উভয়ই অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ। মধুকে কেন্দ্র করে একটি বিশাল শিল্পখাত গড়ে উঠেছে–মৌমাছি পালন, মধু প্রক্রিয়াকরণ, বোতলজাত, প্যাকেজিং, রপ্তানি–সবকিছু মিলিয়ে এটি অনেক মানুষের জীবিকার উৎস। বিশ্বব্যাপী মধুর বার্ষিক বাজারমূল্য বিলিয়ন ডলার পরিমাণ। শুধু মার্কিন যুক্তরাষ্ট্রে, মধুর খুচরা বাজারমূল্য প্রতিবছর প্রায় ৬০০-৭০০ মিলিয়ন ডলারের কাছাকাছি পৌঁছে। ইউরোপীয় দেশগুলোতেও অর্গানিক ও প্রিমিয়াম গ্রেড মধুর ব্যাপক চাহিদা রয়েছে।

**বাংলাদেশের মধুর বাজারের সাইজ:**
বাজারের আকার ও সম্ভাবনা

- বর্তমানে বাংলাদেশের মধুর বার্ষিক বাজারের আকার আনুমানিক ৮১,২০০ ও ১,৫০০ কোটি টাকা।
- প্রতিবছর বাজার ৮-১২% হারে বাড়ছে।
- বিশেষ করে শহুরে মধ্যবিত্ত ও উচ্চবিত্ত পরিবার স্বাস্থ্য সচেতন হওয়ার কারণে ব্র্যান্ডেড মধুর চাহিদা দ্রুত বাড়ছে।

**উৎপাদন ও সংগ্রহ**

- দেশে বছরে গড়ে ২০,০০০-২৫,০০০ মেট্রিক টন মধু উৎপাদিত হয়।
- এর মধ্যে প্রায় ৯০-৯৫% চাষাবাদকৃত (apiary honey), বাকিটা সুন্দরবন, মধুপল্লী ইত্যাদি প্রাকৃতিক উৎস থেকে সংগৃহীত।
- উৎপাদনের বড় অংশ শীতকাল (নভেম্বর-ফেব্রুয়ারি) মৌসুমে সংগ্রহ করা হয়।

**রপ্তানি বাজার**

- বাংলাদেশ থেকে প্রতিবছর প্রায় ১,০০০-১,২০০ মেট্রিক টন মধু ভারত, মধ্যপ্রাচ্য ও ইউরোপে রপ্তানি হয়।
- তবে রপ্তানির সম্ভাবনা আরও অনেক বেশি, কারণ দেশের উৎপাদন আন্তর্জাতিক মানে প্রসেস করলে সহজেই দ্বিগুণ-তিনগুণ করা সম্ভব।

**ভবিষ্যৎ সম্ভাবনা**
বাংলাদেশে মধু এখন একটি গুরুত্বপূর্ণ কৃষি ও ব্যবসায়িক খাত। স্থানীয় ও আন্তর্জাতিক চাহিদা মিলিয়ে এটি আগামীতে একটি রপ্তানিমুখী শিল্পে পরিণত হতে পারে। স্বাস্থ্য সচেতন ভোক্তা বাড়ায় অর্গানিক ও মেডিসিনাল হানি (যেমন সুন্দরবনের মধু, কালোজিরা মধু) এর বাজার দ্রুত বাড়বে। স্থানীয় বাজার ছাড়াও রপ্তানির বিশাল সুযোগ আছে–বিশেষ করে সৌদি আরব, কাতার, দুবাই, ইউরোপে। বড় ব্র্যান্ডগুলো যদি গুণগত মান নিশ্চিত করে মার্কেটিং ও ই-কমার্সে জোর দেয়, তবে বাজার সহজেই ৮৩,০০০+ কোটি টাকার হতে পারে আগামী ৫ বছরে।

**সংকলনেঃ আশরাফ মাহমুদ রিফাত**




## মধু মেলা-২০২৫

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন বিসিকের উদ্যোগে ৫ দিনব্যাপী মধু মেলায় আয়োজন করা হয়। ঢাকার তেজগাঁও বিসিকের কার্যালয়ে ৩১ আগস্ট থেকে ৪ সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত মেলা চলে। এই মেলাতে মধু প্রস্তুতকারী মোট ৩০ টি প্রতিষ্ঠান অংশগ্রহন করে।

মেলাতে মধু ছাড়াও ইউনানী ও আয়ুর্বেদিক ঔষধ নিয়ে হাজির হওয়া হামদর্দ বাংলাদেশ এর স্টল অভ্যাগতদের বিশেষ নজর কাড়ে। উল্লেখ্য,হামদর্দ এর মধু সংগ্রহ করা হয় সুন্দরবন থেকে। এটি শতভাগ প্রাকৃতিক এবং এতে কোনো ধরনের ক্ষতিকর রাসাননিক উপাদান নেই।







# হামদর্দ প্লাটিজেন-এর সৌজন্যে সপ্তাহব্যাপি 'ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা ক্যাম্পেইন'

ঢাকাসহ দেশব্যাপি ডেঙ্গু রোগের প্রাদুর্ভাবের প্রেক্ষিতে হামদর্দ প্লাটিজেন-এর সৌজন্যে পরিচালনা করেছে 'ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা ক্যাম্পেইন'। সপ্তাহব্যাপি এ কার্যক্রমের উদ্বোধন করেন হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্ফ) বাংলাদেশ এর ব্যবস্থাপনা পরিচালক ও চিফ মোতাওয়াল্লী ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া। হামদর্দের সিনিয়র পরিচালক পরিকল্পনা ও উন্নয়ন এবং মার্কেটিং অধ্যাপক কামরুন নাহার হারুনের পরিকল্পনা ও নির্দেশনায় উভয় বিভাগের একঝাঁক উদ্যমী কর্মীর অংশগ্রহণে ঢাকার বিভিন্ন প্রান্তে এটি পরিচালিত হচ্ছে।



পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ এবং মার্কেটিং বিভাগের পিএমটি সেকশন, ই-বিজনেস, এমআইএস টিম, ইন্টারন্যাশনাল বিজনেসসহ বিভিন্ন টিম ও সেকশনের অংশগ্রহণে এতে হামদর্দের অভিজ্ঞ হাকীম এবং ঢাকা মেট্রো এরিয়ার বিভিন্ন জোনের ফিল্ডফোর্স সার্বিক সহযোগিতা প্রদান করছে।

প্রথম দিন রাজধানীর মুগদা জেনারেল হাসপাতাল ও খিলগাঁও সবুজবাগ এরিয়ায় এ কার্যক্রম পরিচালিত হয়। হাসপাতালে আগত রোগী, স্বজন ও চিকিৎসকদের তথ্যবহুল লিফলেট ও বিভিন্ন সামগ্রী দেয়া হয়। ডেঙ্গু আক্রান্ত রোগীদের প্লাটিলেট ঘাটতি দূর করতে হামদর্দের প্ল্যাটিজেন এর কার্যকারিতার বিভিন্ন দিক তুলে ধরা হয়। মুগদা মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. মো. মুস্তাফিজুর রহমান ক্যাম্পেইনে অংশগ্রহণকারীদের শুভেচ্ছা জানান এবং এ ধরনের উদ্যোগের জন্য হামদর্দ কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

হামদর্দ কর্মীরা বিভিন্ন ডোবা ও জলাশয়ে ভাসমান লার্ভা নষ্ট করতে চুনের পানি ছিটানো এবং সিটি করপোরেশনের সহযোগিতায় ফগার ম্যাশিন দিয়ে মশা নিধন কাজে অংশ নেন। ঢাকার বিভিন্ন সরকারি ও বেসরকারি হাসপাতালসহ বিভিন্ন জনসমাগম স্থলে এ ক্যাম্পেইন চলছে। অংশগ্রহণকারীরা জানায়, জনসাধারনের মাঝে সচেতনতা তৈরি করতে পারলেই এটি স্বার্থক হবে।












“ডেঙ্গু প্রতিরোধে সচেতন হোন”


ডেঙ্গু প্রতিরোধে সচেতন হোন


HSC
09666775566


HSC










DEPT. OF
ANAESTHESIOLOGY








# ডেঙ্গু প্রতিরোধে অসাধারণ কার্যকর ওষুধ হামদর্দের সিরাপ 'প্লাটিজেন' লঞ্চিং

ডেঙ্গু প্রতিরোধে অসাধারণ কার্যকর ওষুধ হামদর্দের সিরাপ ''প্লাটিজেন'' লঞ্চিং হয়েছে। আজ ৬ই সেপ্টেম্বর ২০২৫, শনিবার দুপুরে রাজধানীর বাংলামোটরে হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্‌ফ) বাংলাদেশের প্রধান কার্যালয়ের মিলনায়তনে এর মোড়ক উন্মোচন করা হয়। ওষুধটির শুভ উদ্বোধন করা হয় 'প্লাটিজেন'' নামাঙ্কিত কেক কেটে।




অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্‌ফ) বাংলাদেশের চিফ মোতাওয়াল্লী ও ব্যবস্থাপনা পরিচালক ড.হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া। সভাপতিত্ব করেন সিনিয়র পরিচালক বিক্রয় ও বিপণন এবং পরিকল্পনা ও উন্নয়ন অধ্যাপক হাকীম কামরুন নাহার হারুন।

লঞ্চিং অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রিয় অভিনেতা ও গরীবের ডাক্তারখ্যাত চিকিৎসক ডা. এজাজ। অনুষ্ঠান উপস্থাপনা করেন পরিচালক তথ্য ও গণসংযোগ আমিরুল মোমেনীন মানিক।

''প্লাটিজেন'' পেঁপে পাতার নির্যাস থেকে প্রাকৃতিক উপায়ে তৈরি সিরাপ। এটি সেবনে ডেঙ্গু আক্রান্ত রোগীদের দ্রুততম সময়ের মধ্যে রক্তের প্লাটিলেট বৃদ্ধি পায় এবং সুস্থ হয়ে উঠে।

উপস্থিত ছিলেন সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেডের সাবেক চেয়ারম্যান বীরমুক্তিযোদ্ধা মেজর অব. ডা. রেজাউল হক, পরিচালক হামদর্দ ফাউন্ডেশন



ব্রিগেডিয়ার জেনারেল (অব.) মাহবুব আনোয়ার, পরিচালক অর্থ ও হিসাব নাজমুল করিম এফসিএ, পরিচালক ক্রয় মোহাম্মদ শরীফুল ইসলাম, পরিচালক প্রশাসন ও কোম্পানি সেক্রেটারি মো.আবদুল মজিদ, উপ-পরিচালক প্রশাসন ও পরিচালক প্রটোকল অ্যান্ড লিগ্যাল অ্যাফেয়ার্স (অদা.) মিজানুর রহমান, উপ-পরিচালক মার্কেটিং ডা. আবুল তৈমুর চৌধুরী, উপ-পরিচালক বিজনেস ডেভেলপমেন্ট অ্যান্ড রেগুলেটরি অ্যাফেয়ার্স আবু জাফর মো. ছাদেক।

# ব্র্যান্ড টক ইভেন্টে আমরূপালি শরবত পান করে মুগ্ধ দেশী-বিদেশী ব্র্যান্ডের শীর্ষ কর্মকর্তারা



১৯ ডিসেম্বর ২০২৫ শুক্রবার ব্র্যান্ড প্র্যাকটিশনার্স বাংলাদেশ আয়োজিত '৬ষ্ঠ ব্র্যান্ডটক' ইভেন্ট অনুষ্ঠিত হয়েছে হোটেল রেনেসাঁ গুলশানে। বিভিন্ন সেশনে রিসোর্স পার্সন ও অংশগ্রহণকারী হিসেবে উপস্থিত ছিলেন দেশী-বিদেশী শীর্ষ ব্র্যান্ডের প্রতিনিধিরা। ইভেন্টের শরবত পার্টনার 'হামদর্দ আমরূপালি'র স্টল ও প্রেজেন্টেশন সকলের নজর কাড়ে।



অনুষ্ঠানে আমরূপালি শরবত পান করানোর ব্যবস্থা রাখা হয়। বাংলাদেশে প্রথম আসল আমের পাল্প হতে তৈরি এ শরবত নতুন ব্র্যান্ড হিসেবে সাড়া জাগাবে এটি সংশ্লিষ্ট অভিজ্ঞদের সুস্পষ্ট মতামত। অভ্যাগতরা আমরূপালি শরবত পান করে এর ভূয়সী প্রশংসা করেন।



অনুষ্ঠানে হামদর্দ বাংলাদেশ এর উপ-পরিচালক ডা. আবুল তৈমূর চৌধুরী Creating a Legacy of wellness brands নিয়ে চমৎকার প্রেজেন্টেশন দেন। এতে হামদর্দ এর ঐতিহ্য, ধারাবাহিকতা, কোয়ালিটি, কল্যাণমুখী দর্শন ফুটে উঠেছে। বিশেষ করে হামদর্দ এর নবযাত্রায় আমরূপালী ফ্রুট সিরাপের মৌলিক ও ইউনিক দিক এবং সম্ভাবনা তুলে ধরা হয়েছে।







সতেজ
নিঃশ্বাসে
প্রাণোচ্ছল
হাসি
লবঙ্গ তেল
সমৃদ্ধ
এন্টিসেপটিক মাউথওয়াশ
ক্লোভগার্ড
ক্লোভ অয়েল
২০০ মিলি
Antiseptic Mouthwash
Clovgard
Clove oil
For healthy gums & strong teeth
Fights against bad breath & germs
Prevents tooth decay
Prevents plaque & ingivitis
Herbal Medicine
200 ml
হামদর্দ
১৯০৬ সাল হতে

এন্টিসেপটিক মাউথওয়াশ

# ক্লোভগার্ড

ক্লোভ অয়েল

## জীবাণু রুখে নিঃশ্বাসে আনে সতেজতা

বিশ্বব্যাপী আনুমানিক ৩০% মানুষ কোন না কোন সময় মুখের দুর্গন্ধজনিত সমস্যায় ভোগে, যা মানসিক অস্বস্তি ও সামাজিক বিড়ম্বনা তৈরি করে। ক্লোভ অয়েলে বিদ্যমান ইউজেনল জীবাণুনাশক হিসেবে কাজ করে, মুখগহ্বরের সংক্রমণ, প্রদাহ ও দুর্গন্ধ দূর করে।

### ক্লোভগার্ড...

- মুখগহ্বরের সুস্থতায় প্রাকৃতিক সমাধান
- জীবাণুনাশক, এন্টিসেপটিক ও প্রদাহনাশক
- মুখের ফাঙ্গাল ইনফেকশন কমাতে সাহায্য করে
- দাঁত ব্যথা উপশম করে

### মুখের দুর্গন্ধের কারণসমূহ





### নির্দেশনা

- মুখের দুর্গন্ধ
- দাঁতের ক্ষয়
- দাঁতে জমে থাকা প্লাক
- মাড়ির প্রদাহ
- মাড়ির সংক্রমণ

### ব্যবহারবিধি

১০ মিলি ক্লোভগার্ড এর সাথে ১০ মিলি পানি মিশিয়ে সকাল ও রাতে ৩০ সেকেন্ড সময় ধরে কুলকুচি করুন।




### উপাদান

প্রতি ১০০ মিলি ক্লোভগার্ড-এ রয়েছে ক্লোভ অয়েল ১ গ্রাম।




Ref.
1. PDR for Herbal Medicine, 4th edition, page: 201-204; 2. The Complete German Commission E Monographs; 3. British Herbal Pharmacopoeia;
4. Bad breath: What causes it and what to do about it-Harvard Heath Publishing (As of 19 April, 2025).









# ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের নাট্যোৎসবে হামদর্দ আমরূপালি

২৮ ডিসেম্বর ২০২৫ দিনব্যাপি অনুষ্ঠিত নাট্যযাত্রা শিরোনামে অনুষ্ঠিত নাট্যোৎসবে প্রিমিয়ার স্পন্সর হিসেবে অংশ নেয় হামদর্দ আমরূপালি। দেশীয় সংস্কৃতির সৃজনশীল কাজে পৃষ্ঠপোষকতা করায় হামদর্দ কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন সংশ্লিষ্টরা।

ক্যাম্পাসের অভ্যন্তরে অনুষ্ঠিত আয়োজনে হামদর্দ এর স্টল শিক্ষার্থীসহ সকলের নজর কাড়ে। অভ্যাগতরা হামদর্দ এর নতুন পণ্য আমরূপালি শরবত পান করে এর ভূয়সী প্রশংসা করেন। হামদর্দ এর অভিজ্ঞ চিকিৎকরা ফ্রি চিকিৎসা পরামর্শ প্রদান করে।


“... don't ever slow down,
to those who need it.”
SIR FAZLE HASAN ABED


Hamdard
Amrupali
Fruit Syrup
Sharbat
Rooh Afza®
Hamdard
Honey
Clovgard



# নবান্ন উৎসব-১৪৩২

রাজধানীর ধানমন্ডির রবীন্দ্র সরোবরে ৫ থেকে ৮ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত অনুষ্ঠিত ঐতিহ্যবাহী নবান্ন উৎসবে অংশ নেয় হামদর্দ বাংলাদেশ। ধানমন্ডি লেক কেন্দ্রীক জনাকীর্ণ পরিবেশ এবং আশ-পাশে অনেকগুলো শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী এবং অভিভাবকদের আড্ডা, আনন্দ-বিনোদনের স্থানে রূপ নেয় রবীন্দ্র সরোবর এলাকা।

বিশেষ করে শীতের সকালের প্রকৃতির মধ্যে যারা নিয়ম করে হাঁটতে যায় তাদের নজর কেড়েছে হামদর্দের স্টলে রাখা আমরুপালি ফ্রুট সিরাপ এর দিকে। খাঁটি আমরুপালি আমের স্বাদ হওয়ায় ভোক্তাদের আগ্রহ বেশী দেখা যায়। সব বয়সের মানুষের কাছে আমরুপালী নিয়ে ব্যাপক আগ্রহ সৃষ্টি হয়েছে যেহেতু বাংলাদেশে প্রথমবারের মত হামদর্দ নিয়ে এসেছে ম্যাঙ্গো ফ্রুট সিরাপ এবং যারা একবার ক্রয় করে আমরুপালির স্বাদ নিয়েছে তারা আবারও নিতে আগ্রহী হচ্ছেন। আমরুপালির পাশাপাশি হামদর্দের অন্যান্য পণ্যেরও ভালো চাহিদা ছিল। উৎসবের আমেজে হামদর্দের এই অংশগ্রহন অনেক দৃষ্টিনন্দন ছিল।













Annual
BUSINESS
CONFERENCE
2025
TOGETHER, WE BUILD THE FUTURE
Amrupali
Amrupali
VILIGO
VILIGO
Hamdard Laboratories (Waqf) Bangladesh




# কক্সবাজারে অনুষ্ঠিত হলো হামদর্দ বার্ষিক বিজনেস কনফারেন্স '২৫

৭ জানুয়ারী ২০২৬ বুধবার কক্সবাজারে একটি ৫ তারকা হোটেলে অনুষ্ঠিত হয়েছে হামদর্দ বাংলাদেশ এর বার্ষিক বিজনেস কনফারেন্স '২৫। সিনিয়র পরিচালক মার্কেটিং ও বিপণন এবং পরিকল্পনা ও উন্নয়ন অধ্যাপক কামরুন নাহার হারুনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন আধুনিক হামদর্দ-এর প্রতিষ্ঠাতা ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া।

অনুষ্ঠানে বিক্রয় ও বিপণন বিভাগের দক্ষ ও সফলতা অর্জনকারী কর্মীদের পুরস্কৃত করা হয়। দিনব্যাপি আয়োজনে সারাদেশের প্রায় দুই হাজার সদস্যের প্রাণবন্ত উপস্থিতিতে হামদর্দ-কে এগিয়ে নেয়ার প্রত্যয় ব্যক্ত করা হয়। অনুষ্ঠানে আমরুপালিসহ ৪টি পণ্যের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। এবারের কনফারেন্স-এ বিভিন্ন দেশের ব্যবসায়িক প্রতিনিধিরা সরাসরি ও ভার্চুয়ালি উপস্থিত হন। হামদর্দ-এর সাবেক সিনিয়র পরিচালক মার্কেটিং প্রয়াত হাকীম রফিকুল ইসলামকে বিশেষ সম্মাননা প্রদান করা হয়। হামদর্দ পরিবারের উদ্যোগে কক্সবাজারে মনোরম র‍্যালি এবং সমুদ্র সৈকত পরিস্কার পরিচ্ছন্ন কর্মসূচি পালন করা হয়।


Conference 2025
Amrupali
Fruit Syrup
Real magic in every drop
বিচ ক্লিনিং অ্যাক্টিভিটিস
Environmental protection is our commitment
Let us all work together to keep our beaches clean
৬ জানুয়ারি ২০২৬ সুগন্ধা পয়েন্ট, কক্সবাজার।
সৌজন্য: Amrupali
Hamdard Laboratories (Waqf) Bangladesh








ANNUAL BUSINESS
BUILD THE FUTURE


CONFERENCE
2025






আমি শুধু স্বপ্ন দেখিনা,
স্বপ্নকে বাস্তব বানাতেও জানি
BUSINESS CONFERENCE 2025
Amrupali
Fruit Syrup


Amrupali


Amrupali
Fruit Syrup
BUSINESS CONFERENCE 2025
Raffle Draw Winner
3st Prize
Freezer


Roland







# ৩০তম ঢাকা আন্তর্জাতিক বানিজ্য মেলায় হামদর্দ-এর প্রিমিয়ার স্টল

৩ জানুয়ারী থেকে ৩ ফেব্রুয়ারী ২০২৬ পর্যন্ত অনুষ্ঠিত হচ্ছে ঢাকা আন্তর্জাতিক বানিজ্য মেলা। মেলায় হামদর্দ বাংলাদেশ এর স্টল দর্শনার্থীদের নজর কাড়ে। বিশেষ করে নতুন ফ্রুট সিরাপ আমরুপালি নিয়ে ব্যাপক উচ্ছ্বাস দেখা যায়। স্টলে হামদর্দ-এর অভিজ্ঞ চিকিৎসক ফ্রি চিকিৎসা পরামর্শ দেন।








## হামদর্দ ইন্ডাস্ট্রিয়াল পার্ক

**দুধঘাটা, পিরোজপুর, সোনারগাঁ, নারায়নগঞ্জ**

সময়ের সাথে এগিয়ে চলছে হামদর্দ। ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়ার প্রজ্ঞা ও চিন্তার ফসল আজকের হামদর্দ বাংলাদেশ। হামদর্দ বাংলাদেশের মেঘা প্রকল্প হামদর্দ ইন্ডাস্ট্রিয়াল পার্ক। নানামুখী কর্মযজ্ঞে হামদর্দ এর কর্মীদের অনন্য উচ্চতায় নিয়ে যাবার জন্য নিরলস পরিশ্রম করে যাচ্ছেন সিনিয়র পরিচালক পরিকল্পনা ও উন্নয়ন অধ্যাপক কামরুন নাহার হারুন।

---



## হামদর্দ আধুনিক কারখানা

**মেঘনাঘাট, সোনারগাঁ, নারায়নগঞ্জ**

# ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া কর্তৃক প্রতিষ্ঠিত




*হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশ, গজারিয়া, মুন্সিগঞ্জ*



*হামদর্দ জেনারেল হাসপাতাল, গজারিয়া, মুন্সিগঞ্জ*



*রওশন জাহান ইস্টার্ণ মেডিকেল কলেজ ও হাসপাতাল, লক্ষ্মীপুর*



*হামদর্দ ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, বগুড়া*




হামদর্দ পাবলিক কলেজ, ঢাকা




হাকীম সাঈদ ইস্টার্ণ মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা



আয়েশা (রা.) মহিলা কামিল মাদরাসা, লক্ষ্মীপুর



ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া কেন্দ্রীয় জামে মসজিদ ও রিসার্চ সেন্টার, লক্ষ্মীপুর




দেশব্যাপি ৩০০ ফ্রি হেলর্থ কেয়ার সেন্টার, হামদর্দ

# শিক্ষা, চিকিৎসা ও মানব কল্যাণে ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়ার কালজয়ী অবদান

» বাংলাদেশের ইউনানী, আয়ুর্বেদিক, হার্বাল তথা ন্যাচারাল মেডিসিন সেক্টরের অগ্রগতি ও উন্নয়নে অপ্রতিদ্বন্দ্বী ব্যক্তিত্বঃ


বাংলাদেশে প্রায় ৩২০টি ইউনানী এবং ২২০টি আয়ুর্বেদিক প্রতিষ্ঠান রয়েছে। উভয় সেক্টরে অপ্রতিদ্বন্দ্বী এবং নেতৃত্বে রয়েছেন ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া পরিচালিত হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্‌ফ) বাংলাদেশ। তিনি ইউনানী শিল্প মালিক সমিতি এবং আয়ুর্বেদিক শিল্প মালিক সমিতির অন্যতম প্রতিষ্ঠাতা এবং দীর্ঘ সময় টানা নেতৃত্ব প্রদানকারী ব্যক্তিত্ব। তিনি একাধারে উভয় সেক্টরের প্রধান পৃষ্ঠপোষক ও অভিভাবক।

» বাংলাদেশে ওয়াক্‌ফ প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা উন্নয়নের মাধ্যমের অগ্রগতি ও আস্থা স্থাপনের সেরা নজিরঃ

বাংলাদেশে মোট ১৬৪০৭টি তালিকাভূক্ত ওয়াক্‌ফ এস্টেট রয়েছে। অধিকাংশ ওয়াক্‌ফ প্রতিষ্ঠান ক্রমশঃ নিম্নমুখী এবং ভগ্নদশা। উল্লেখ্য ১৯৭৭ সালে দায়দেনায় জর্জরিত হয়ে হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্‌ফ) বাংলাদেশ সম্পূর্ণ লে-অফ বা বন্ধ ঘোষিত হয়। যা ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়ার উদ্যোগ ও প্রচেষ্টায় ধীরে ধীরে অগ্রগতি লাভ করে। বর্তমানে হামদর্দ এর সরাসরি কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা ১০ হাজার এবং পরোক্ষভাবে এর সাথে লক্ষাধিক পরিবার যুক্ত। হামদর্দ ওয়াক্‌ফ প্রশাসনে সর্বোচ্চ কন্ট্রিবিউশন (চাঁদা) প্রদান করে। ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া একাধারে বাংলাদেশ মোতাওয়াল্লী সমিতির সভাপতি এবং এ সেক্টরের অবিসংবাদিত অভিভাবক।

» সমগ্র বাংলাদেশ ব্যাপি ৩০০ চিকিৎসা ও বিক্রয় কেন্দ্রে "প্রতিদিন ফ্রি চিকিৎসা সেবা" প্রদানের অনন্য নজিরঃ

বিভিন্ন জাতীয় দিবস বা বিশেষ উপলক্ষে 'ফ্রি চিকিৎসা ক্যাম্প' আয়োজনের ক্ষেত্রে হামদর্দ অগ্রগামী ও অন্যদের কছে অনুকরণীয়। বাংলাদেশে একমাত্র হামদর্দ নিজস্ব স্থায়ী/ডিগ্রিধারী চিকিৎসক দিয়ে প্রতিদিন সারাদেশে বিস্তৃত ৩০০টি চিকিৎসা কেন্দ্রে ফ্রি চিকিৎসা সেবা দেয়ার মতো চ্যালেঞ্জিং মহতি কার্যক্রম অব্যাহত রেখেছে। এক কথায় যা নজিরবিহীন।



» বাংলাদেশে একমাত্র 'হামদর্দ জেনারেল হাসপাতাল'-এ অ্যালোপ্যাথিক, ইউনানী, আয়ুর্বেদিক অর্থাৎ ত্রিমাত্রিক চিকিৎসা সেবা প্রদানের ব্যবস্থাঃ

মুন্সিগঞ্জের গজারিয়ায় ঢাকা-চট্টগ্রাম হাইওয়ের মেঘনা ব্রিজ সংলগ্ন সুপরিসর ও মনোরম পরিবেশে দেশের একমাত্র ত্রি-মাত্রিক হাসপাতাল 'হামদর্দ জেনারেল হাসপাতাল' অবস্থিত। এখানে অ্যালোপ্যাথিক, ইউনানী, আয়ুর্বেদিক সেক্টরের খ্যাতিমান চিকিৎসক এবং অত্যাধুনিক চিকিৎসা সরঞ্জাম রয়েছে। খুব অল্প খরচে ন্যাচারাল ও আধুনিক চিকিৎসা সেবা প্রদানের জন্য এটি ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়ার অনন্য উদ্যোগ।

» বাংলাদেশের ইউনানী, আয়ুর্বেদিক সেক্টরে ডিগ্রি পর্যায়ে উচ্চ শিক্ষার ৪টি প্রতিষ্ঠানের মধ্যে ৩টি প্রতিষ্ঠান-ই ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়ার উদ্যোগ ও পৃষ্ঠপোষকতায় প্রতিষ্ঠিতঃ

বর্তমানে বাংলাদেশে ডিগ্রি পর্যায়ে ইউনানী-আয়ুর্বেদিক উচ্চ শিক্ষার ৪টি প্রতিষ্ঠানের ১টি সরকারী এবং অবশিষ্ট ৩টি প্রতিষ্ঠান-ই ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া কর্তৃক প্রতিষ্ঠিত। প্রতিষ্ঠান ৩টি হলো- হামদর্দ ইউনানী কলেজ- বগুড়া, রওশন জাহান ইস্টার্ণ মেডিকেল কলেজ- লক্ষ্মীপুর এবং হামদর্দ ইন্সটিটিউট অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক মেডিসিন, মুন্সিগঞ্জ, গজারিয়া।

**» টঙ্গী বিশ্ব ইজতেমা ময়দানে ১৯৮৩ সাল থেকে প্রতি বছর ফ্রি মেডিকেল ক্যাম্প স্থাপনের অনন্য নজিরঃ**

বিশ্ব ইজতেমা ময়দানে ১৯৮৩ সাল থেকে ড. হাকীম মো. ইউছুফ হারুন ভূঁইয়া হামদর্দ এর উদ্যোগে 'ফ্রি চিকিৎসা ক্যাম্প' আয়োজন করে। যা এখনো নিয়মিত এবং সবচেয়ে বড় পরিসরে অনুষ্ঠিত হচ্ছে।

# মেলোরা™

মুলতানি মিল্ক বাথিং বার

## দাগমুক্ত উজ্জ্বল ত্বকের জন্য

মেলোরা মুলতানি মিল্ক বাথিং বার একটি ঐতিহ্যবাহী প্রাকৃতিক ফর্মুলেশন। এতে রয়েছে মুলতানি মাটির ডীপ ক্লিনজিং (গভীর ত্বক পরিষ্কারক) ক্ষমতা এবং সেই সাথে দুধের নির্যাসের পুষ্টিকর গুণাগুণ, মৌচাকের মোম ও নিয়াসিনামাইড এর উপকারিতা। এটি আপনার দৈনন্দিন ত্বকের যত্নে ব্যবহৃত"উপটানের" প্রাকৃতিক কার্যকারিতা নিশ্চিত করে।

## প্রকৃতির কল্যাণকর উপাদানে ভরপুর:

### মুলতানি মাটি (ফুলার'স আর্থ): এক চিরন্তন সৌন্দর্যের গোপন রহস্য!

মুলতানি মাটির ব্যবহার হাজার হাজার বছর আগের। এটি প্রাচীন মিশরসহ বিশ্বের অন্যান্য দেশে ত্বক পরিষ্কারক ও সৌন্দর্য বৃদ্ধির জন্য ব্যাপকভাবে ব্যবহৃত হতো।



- ত্বকের অতিরিক্ত তেল শোষণ করে
- ত্বককে গভীরভাবে পরিষ্কার ও বিশুদ্ধ করে
- ত্বকের মৃত কোষ অপসারণ করে
- ত্বকে প্রাকৃতিক সতেজতা ও দীপ্তি এনে দেয়

### মৌচাকের মোম



- ত্বকের স্তরকে সুরক্ষা করে
- ত্বকের আর্দ্রতা ধরে রাখে
- মাইক্রোবিয়াল সংক্রমণ থেকে ত্বককে সুরক্ষা করে
- প্রাকৃতিক যত্ন নিশ্চিত করে

### দুধের নির্যাস



- ত্বককে ময়েশ্চারাইজ (আর্দ্র) রাখে ও পুষ্টি প্রদান করে
- ত্বকের কালো দাগ ও ছোপ কমায়
- ত্বককে কোমল রাখে ও জ্বালা-পোড়া প্রশমন করে
- ত্বকের প্রাকৃতিক উজ্জ্বলতা বৃদ্ধি করে




### নিয়াসিনামাইড

ত্বকের উজ্জ্বলতা বাড়ায় এবং ফিকে ভাব ও কালো দাগ কমায়।

**ব্যবহারবিধি:** মেলোরা মুলতানি মিল্ক বাথিং বার হাতে ঘষে ফেনা তৈরি করে আলতোভাবে মুখে ম্যাসাজ করুন। ২ মিনিট রেখে পরিষ্কার পানি দিয়ে ধুয়ে ফেলুন।




**মেলোরা সোপ সিনথেটিক প্রসাধনী দ্বারা সৃষ্ট ত্বকের ক্ষতিকর প্রভাব কমায়**



হামদর্দ
আমরূপালি
ফ্রুট সিরাপ
Real magic in every drop
৭৫০ মিলি-তে তৈরি হয় ২৫ গ্লাস
৩০০ মিলি-তে তৈরি হয় ১০ গ্লাস
Amrupali
Fruit Syrup
৭৫০ মিলি
৩০০ মিলি
১ গ্লাস পানিতে ২ টেবিল চামচ আমরূপালি মিশিয়ে সুস্বাদু শরবত তৈরি করুন
বি ডি এস ৫২৮
BANGLADESH HALAL ISLAMIC FOUNDATION
হামদর্দ
বিশ্বস্ত নাম, পরীক্ষিত পণ্য
হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্‌ফ) বাংলাদেশ
১৯০৬ সাল হতে মানব সেবায় নিবেদিত অনন্য প্রতিষ্ঠান
হেড অফিসঃ রূপায়ন ট্রেড সেন্টার, লেভেলঃ ১২-১৩, ১১৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামটর, ঢাকা-১০০০
(০২) ৪১০৩৩২৩১-৬
marketing@hamdard.com.bd
www.hamdard.com.bd
hamdardbd, hamdardtvbd
hamdardbd, hamdardtv1272